

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৮১

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (کتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/১৩. নির্জনতা অবলম্বন

بَابِ الْعُزْلَةِ

আরবী

حَدَّ ثَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ عَلِي الْمُقَدَّمِيُّ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ، حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْخَزَّانُ، عَنْ حُمَيْدِ بْنِ هِلاَلٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ قُرْطٍ، عَنْ حُذَيْفَةَ بْنِ الْيَمَانِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم - " تَكُونُ فِتَنٌ عَلَى أَبُوابِهَا دُعَاةٌ إِلَى النَّارِ فَأَنْ تَمُوتَ وَأَنْتَ عَاضٌ عَلَى جِذْلِ شَجَرَةٍ خَيْرٌ لَكَ مِنْ أَنْ تَتْبَعَ أَحَدًا مِنْهُمْ ".

বাংলা

৫/৩৯৮১। হুযায়ফা ইবনুল ইয়ামান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অচিরেই এমন কতক নৈরাজ্যকর বিপর্যয় সৃষ্টি হবে, যার সম্মুখভাগে থাকবে জাহান্নামের দিকে আহবানকারীরা। এমন পরিস্থিতিতে তুমি যদি বৃক্ষের কান্ড আঁকড়ে ধরে থাকা অবস্থায় মৃত্যুবরণ করতেপারো তবে তা তোমার জন্য ওদের কারো আহবানে সাড়া দেওয়া থেকে উত্তম।

English

It was narrated from Hudhaifah bin Yaman that the Messenger of Allah (ﷺ) said:

"There will be tribulations at the gates of which will be callers (calling people) to Hell. Dying when you are biting onto the stump of a tree will be better for you than following anyone of them."

ফুটনোট

সহীহুল বুখারী ৩৬০৬, মুসলিম ১৮৪৭, আবু দাউদ ৪২৪৪, আহমাদ ২২৯৩৯, সহীহাহ ১৭৯১। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু আমির আল-খাযযার সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বাযযার বলেন, তিন সিকাহ। আবু হাতিম আর-রাযী



বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮১২, ১৩/৪৭ নং পৃষ্ঠা) ২. আবদুর রহমান বিন কুরত সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৯৩৩, ১৭/৩৫৩ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবদুর রহমান বিন কুরত এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৫১ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ১০ টি খুবই দুর্বল, ১৫ টি দুর্বল, ১৩ টি হাসান, ১২ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩৬০৬, ৭০৮৪, মুসলিম ১৮৪৮, ১৮৪৯, আবু দাউদ ৪২৪৪, আহমাদ ২২৯১৪, ২২৯৩৮, মু'জামুল আওসাত ৩৫৩১, শারহুস সুন্নাহ ৪২১৯, ৪২২২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন